কালের কণ্ঠ

তারিখ 14.NOV.2017
পৃষ্ঠা ...১৮... কলাম ...৬...

# শিক্ষার মান নিয়ে ক্ষোভ ঝারলেন সেলিম ওসমান

নারায়ণগঞ্জ প্রতিনিধি ▷

মর্গ্যান বালিকা উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ বার একাডেমিসহ শহরের বিদ্যালয়গুলোতে শিক্ষার মান দিন দিন অবনতি হচ্ছে। শহরের বিদ্যালয়ে যদি এ অবস্থা বিরাজ করে, তাহলে গ্রামের বিদ্যালয়গুলোর কী হবে? গতকাল সোমবার নারায়ণগঞ্জ-৫ (শহর ও বন্দর) আসনের এমপি (সংসদ সদস্য) সেলিম ওসমান এ কথা বলেন।

সেলিম ওসমান বলেন, 'এর আগে আমি এ বিষয়ে একটি কমিটি গঠনের প্রস্তাব দিয়েছি। পরে কমিটি গঠনও হয়েছিল; কিন্তু সেটা ফলপ্রসূ হয়নি।'

ডিসির (জেলা প্রশাসক) উদ্দেশে এমপি বলেন, 'আপনাকে প্রতিটি বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পর্যবেক্ষণ করতে হবে। শুধু হেড মাস্টারের (প্রধান শিক্ষক) ওপর দায়িত্ব ছাড়লে আমার মতো মামলা খেতে হবে। স্কুলগুলোকে নিয়মিত মনিটর করতে হবে। অনেক স্কুলে বাধ্যতামূলক কোচিং করানো হয়। আর কোচিং না করলে ফেল করিয়ে দেওয়া হয়। যদি শিক্ষার্থীদের আমরা প্রকৃত শিক্ষা না দিতে পারি, তাহলে কেনই বা আমরা প্রশাসক আর কেনই বা আমরা জনপ্রতিনিধি?' তিনি জানুয়ারির আগেই নারায়ণগঞ্জের সব বিদ্যালয়ের কার্যক্রম পর্যবেক্ষণ করার তাগিদ দেন। যাতে ভবিষ্যতে কোনো শিক্ষার্থী ফেল করে আত্মহত্যার চেষ্টা না করে।

## নারায়ণগঞ্জ

গতকাল দুপুরে নারায়ণগঞ্জ সার্কিট হাউসের সম্মেলনকক্ষে মহান বিজয় দিবস উদ্‌যাপনের প্রস্তুতিমূলক সভায় এমপি এসব কথা বলেন।

এর উত্তরে ডিসি রাব্বি মিয়া বলেন, 'মর্গ্যান বালিকা উচ্চ বিদ্যালয়ের পাঁচ ছাত্রী আত্মহত্যা করেছে এমন গুজব আমার কানেও এসেছিল। পরে তাদের আমার কার্যালয়ে ডেকে এনে সভার মাধ্যমে সমাধান করেছি। বিদ্যালয়গুলোর বিষয়ে পদক্ষেপ নিতে এরই মধ্যে জেলা শিক্ষা কর্মকর্তাকে দিকনির্দেশনা দিয়েছি।'

ডিসির সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য দেন সংরক্ষিত নারী আসনের এমপি অ্যাডভোকেট হোসনে আরা বাবলী, সিভিল সার্জন ডা. এহসানুল হক, জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা নজরুল ইসলাম ও অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি) ফারুক হোসেন প্রমুখ।

সভায় সেলিম ওসমান আরো বলেন, মহান বিজয় দিবস উপলক্ষে নারায়ণগঞ্জে বর্ণাঢ্য নৌকাবাইচ অনুষ্ঠিত হবে। এ ছাড়া ২০ হাজার শিক্ষার্থীকে একত্র করে মুক্তিযুদ্ধের চেতনা সম্পর্কে জানানো হবে।

সভাপতির বক্তব্যে ডিসি জানান, নারায়ণগঞ্জ জেলা কারাগারে একটি মিনি কারখানা নির্মাণ শেষ পর্যায়ে, যা ডিসেম্বরের মধ্যে চালু করা যাবে। এই কারখানা থেকে উৎপাদিত পণ্য যাতে বিদেশে রপ্তানি করা যায়, সেই বিষয়ে তিনি এমপির সহযোগিতা চান। এ ছাড়া কারাপণ্য আড়ংয়ের মাধ্যমে বিক্রির বিষয়েও আলোচনার কথা জানান।